গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/বেসরকারী প্রতিষ্ঠান/অফিস আদেশ/২০২৪/ ১০৪ তারিখঃ-২২/০২/২০২৪ ইং

**অফিস আদেশ**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারী হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টার সমূহ পরিচালনার ক্ষেত্রে নিম্নে বর্ণিত শর্তাবলী আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

(১) বেসরকারী ক্লিনিক/হাসপাতাল ও ডায়াগনষ্টিক এর লাইসেন্সের কপি উক্ত প্রতিষ্ঠানের মূল প্রবেশ পথের সামনে দৃশ্যমান স্থানে অবশ্যই স্থায়ীভাবে প্রদর্শন করতে হবে;

(২) সকল বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের যাবতীয় তথ্যাদি সংরক্ষন ও সরবরাহের জন্য ০১ (এক) জন নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা/কর্মচারী থাকতে হবে এবং তার ছবি ও মোবাইল নম্বর দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;

(৩) যে সকল প্রতিষ্ঠানের নাম ডায়াগনস্টিক ও হাসপাতাল হিসেবে আছে কিন্তু শুধুমাত্র ডায়াগনষ্টিক অথবা হাসপাতালের লাইসেন্স রয়েছে তারা লাইসেন্স প্রাপ্ত ব্যতিরেকে কোনেভাবেই নামে উল্লেখিত সেবা প্রদান করতে পারবে না;

(৪) ডায়াগনষ্টিক সেন্টার/প্যাথলজিক্যাল ল্যাবরেটরী এর ক্ষেত্রে যে ক্যাটারগরীতে লাইসেন্স প্রাপ্ত শুধুমাত্র সে ক্যাটারগীতে নির্ধারিত পরীক্ষা-নিরীক্ষা ব্যতীত কোনভাবেই অন্যান্য পরীক্ষা-নিরীক্ষা করা যাবে না এবং ক্যাটারগরী অনুযায়ী প্যাথলজি/মাইক্রোবায়োলজি,বায়োকেমিষ্ট্রি ও রেডিওলজি বিশেষজ্ঞ নিয়োগ করতে হবে।

(৫) বেসরকারী ক্লিনিক/হাসপাতালের ক্ষেত্রে লাইসেন্স এর প্রকারভেদ ও শয্যা সংখ্যা অনুযায়ী সকল শর্তাবলী বাধ্যতামূলকভাবে বাস্তবায়ন করতে হবে;

(৬) হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারে নিয়োজিত সকল চিকিৎসকের পেশাগত ডিগ্রীর সনদসমূহ, বিএমডিসি'র হালনাগাদ নিবন্ধন ও নিয়োগপত্রের কপি অবশ্যই সংরক্ষন করতে হবে;

(৭) হাসপাতাল/ক্লিনিক এর ক্ষেত্রে যে কোনো ধরনের অপারেশন/সার্জারী/প্রসিডিউর এর জন্য অবশ্যই রেজিষ্ট্রার্ড চিকিৎসককে সার্জনের সহকারী হিসেবে রাখতে হবে;

(৮) কোন অবস্থাতেই লাইসেন্স প্রাপ্ত/নিবন্ধিত হাসপাতাল ও ক্লিনিক ব্যতীত চেম্বারে অথবা ডায়াগনষ্টিক সেন্টারে এ্যানেসথেশিয়া প্রদান করা যাবে না। বিএমডিসি স্বীকৃত বিশেষজ্ঞ অবেদনবিদ (Anesthetist) ছাড়া যে কোনো ধরনের অপারেশন/সার্জারী/Interventional Procedure করা যাবে না;

(৯) সকল বেসরকারী নিবন্ধিত/লাইসেন্স প্রাপ্ত হাসপাতাল/ক্লিনিকে Labor Room Protocol অবশ্যই মেনে চলতে হবে;

(১০) নিবন্ধিত/লাইসেন্স প্রাপ্ত হাসপাতাল/ক্লিনিকে অপারেশন থিয়েটারে অবশ্যই Operation Theatre Etiquette মেনে চলতে হবে।

**বিষয়টি অতীব জরুরী।**

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

22/2/2024

(ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান)
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
Email: directorhospital@ld.dghs.gov.bd
ফোন নং-০২- ৫৫০৬৭১৫০, ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

কার্যার্থেঃ

১। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ (আপনার নিয়ন্ত্রণাধীন সকল বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)

২। সিভিল সার্জন (সকল), (আপনার নিয়ন্ত্রণাধীন সকল বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) (আপনার নিয়ন্ত্রণাধীন সকল বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)

৪। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ বেসরকারী ক্লিনিক/হাসপাতাল ও ডায়াগনষ্টিক ওনার্স এসোসিয়েশন, বাড়ী নং-৮/৩, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, আবাসিক এলাকা, ঢাকা (সকল জেলার বেসরকারী হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টার কে অবহিত করার অনুরোধসহ)।

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/বেসরকারী প্রতিষ্ঠান/অফিস আদেশ/২০২৪/১০৪/১(৬) তারিখঃ-২২/০২/২০২৪ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃআঃ-সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক বাংলাদেশ বেসরকারী হাসপাতাল ও ডায়াগনষ্টিক ওনার্স এ্যাসোসিয়েশন, বাড়ী নং-৮/৩, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, আবাসিক এলাকা, ঢাকা (সকল জেলার বেসরকারী হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টার কে অবহিত করার অনুরোধসহ)।
৬। অফিস কপি।

(ডাঃ আবু হোসেন মোঃ মঈনুল আহসান)
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী।
rdho@ld.dghs.gov.bd

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-পরিঃ(স্বাস্থ্য)/রাজবি/প্রশাঃ/২০২৪/১৪৩০/ ৬৫৬ (০৪) তারিখ ঃ ২৫/০২/২০২৪

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। সিভিল সার্জন (সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী। (আপনার নিয়ন্ত্রণাধীন সকল বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)
০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) রাজশাহী বিভাগ, রাজশাহী। (আপনার নিয়ন্ত্রণাধীন সকল বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)
০৩। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রাইভেট ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার এসোসিয়েশন, রাজশাহী মহানগর, রাজশাহী।
০৪। পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক---------------------------প্রাইভেট ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টার, রাজশাহী মহানগর, রাজশাহী।

28.2.2024

(ডাঃ মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (স্বাস্থ্য)
রাজশাহী বিভাগ, রাজশাহী।